R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD-4

Our Bricks are made of soil
Your dreams are made of
our toil
NIRMA
'Piyal Kunja"
Kamal Kumari Devi Sarani
Haridasnagar
P. O. Raghunathganj
Dist. Murshidabad
Phone : Office 28 Resi : 161

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৬শ বর্ষ
৬ষ্ঠ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৬ই আষাঢ় বুধবার, ১৩৯৬ সাল।
২১শে জুন, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## সি পি এমের শ্রীবৃদ্ধি ঘটিয়ে কংগ্রেসে ব্যাপক ভাঙ্গন

জঙ্গিপুর : কংগ্রেস (ই) দলে গণতন্ত্র নেই স্বৈরতন্ত্রের প্রভাব বেড়েছে এবং কংগ্রেস নেতারা এ অঞ্চলে সাম্প্রদায়িক শক্তিগুলিকে মদত দিচ্ছেন এই অভিগোগে উক্ত দলে সম্প্রতি ব্যাপক ভাঙ্গন দেখা দিয়েছে। রঘুনাথগঞ্জ থানার মিঠিপুর গ্রাম পঞ্চায়েতের নবকান্তপুর ও তেঘরী ২নং গ্রাম পঞ্চায়েতের হুদরাপুর গ্রামের যথাক্রমে ১৫জন ও ৭০জন কংগ্রেস সদস্য নিজেদের স্বাক্ষর করা বিবৃতি মারফৎ ঐ দল ত্যাগ করে সি পি এমে যোগ দিয়েছেন। উক্ত সদস্যরা সকলেই একবাক্যে স্বীকার করেন তাঁরা কংগ্রেস বিধায়ক হবিবুর রহমান ও ২নং ব্লক কংগ্রেস সভাপতি অরবিন্দ সিংহ রায়ের ভুল নেতৃত্ব ও গুণ্ডানীতির সমর্থক গোষ্ঠীর প্রতি অনুরাগে তাঁরা কংগ্রেসের প্রতি বীতশ্রদ্ধ হয়ে পদত্যাগ করেছেন ও সি পি এমে যোগ দিয়েছেন। অন্য এক সূত্রে প্রকাশ, সীমান্তবর্তী এই অঞ্চলের অধিকাংশ সমাজবিরোধী ও সীমান্ত চোরাকারবারীরাই ছিল কংগ্রেসের প্রধান সমর্থক। বর্তমানে শাসক দলের প্রচণ্ড আক্রমণ থেকে নিজেদের রক্ষা করার তাগিদেই তাঁরা সি পি এমে যোগ দিয়েছেন। ঐ সব সমাজবিরোধীদের নেতা বলে কথিত মহসীন ডাটা প্রাণের ভয়ে জঙ্গিপুরে আত্মগোপন করে রয়েছেন। যেভাবে কংগ্রেসে ভাঙ্গন ও সি পি এমের শ্রীবৃদ্ধি ঘটে চলেছে তাতে অধিকাংশ মানুষের ধারণা আগামী নির্বাচনে বিধায়কের আসনটি কংগ্রেস হারাতে বাধ্য হবে।

## এরাই কি মানুষ গড়ার কারিগর ডক্টর রাধাকৃষ্ণণের উত্তর সাধকের দল ?

নিজস্ব প্রতিবেদক : (পূর্ব প্রকাশিতের পর) এবার আপনাদের সামনে যাঁকে উপস্থিত করছি তিনি শান্তিনিকেতনে আলোকপ্রাপ্ত প্রাক্তন এম এল এ এবং ভবিষ্যতে আবার জনসেবার জন্য আত্মবলিদানে উদ্যত বিধানসভার জঙ্গিপুর আসনের সম্ভাব্য বামপন্থী প্রার্থী আবদুল হক সাহেব। ইনি জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসার প্রধান শিক্ষক গত বছর ইনি তাঁর স্কুলের বুকলিষ্ট সম্পূর্ণ বদলে সব ক্লাসেই নতুন বই পাঠ্য করে স্থানীয় এক পুস্তক ব্যবসায়ীকে অনুগৃহীত করেন। এ বছর আবার সেই বইগুলি অকারণে পরিবর্তন করে সেই একই পুস্তক ব্যবসায়ীকে মদত দিয়েছেন। ছাত্র ও অভিভাবকদের প্রত্যেককে এজন্য বাধ্যতামূলক গুণাগার দিতে হচ্ছে। এভাবেই হক সাহেব জনসেবার হাতেখড়ি নিচ্ছেন। বুঝ সাধু, যে জান সন্ধান। মহকুমার শ্রেষ্ঠ এবং প্রাচীন বিদ্যালয় জঙ্গিপুর হাই স্কুল। প্রধান শিক্ষক শৈলেয়ীরঞ্জন নাথ। এই স্কুলের বুক লিষ্ট করার সময় অভিজ্ঞ বিশিষ্ট সহকর্মীদের মতামতকে কতখানি মূল্য দেওয়া হয় তা অনুসন্ধান যোগ্য ও কৌতুহলোদ্দীপক একটি ছোট উদারহণ দেওয়া যেতে পারে এবার পাঠ্য পুস্তক নির্বাচনের সময় বাংলা ভাষার শিক্ষকরা ষষ্ঠ শ্রেণীতে ( সপ্তম পৃষ্ঠায় )

## আদিবাসীরা অত্যাচারিত, পুলিশের নিষ্ক্রিয়তার অভিযোগ

সাগরদীঘি : স্থানীয় থানার আদিবাসী গ্রামগুলি সন্ত্রাসের মধ্যে বাস করছে বলে খবর। পুলিশ প্রশাসন রাজনৈতিক চাপের কাছে নত হয়ে নিষ্ক্রিয়—অভিযোগ জানান আদিবাসী গ্রামের মানুষেরা। এই থানার চাঁদপাড়া গ্রামে গত কার্ত্তিক মাসে গণধর্ষণের ঘটনাও ঘটে বলে খবর। কিন্তু দুষ্কৃতীরা তাঁদের প্রাণনাশের হুমকী দেখিয়ে থানায় যেতে বাধা দেয়। এই গ্রামের জনৈক কুখ্যাত যুবক রাজ্জাক সেখের নেতৃত্বে এক নারী হরণের ঘটনা ঘটে গত মার্চে। উদ্যত পিস্তলের মুখে আদিবাসীদের ঠাণ্ডা করে সে এই ধরনের জঘন্য কাজ করে ( ৭ম পৃষ্ঠায় )

## ধুলিয়ানের অর্জ্জুন সিং

বিশেষ সংবাদদাতা : সি পি এমের লোক্যাল কমিটির সেক্রেটারী বা এম এল এ, এম পি না হয়েও যাঁর অঙ্গুলি হেলনে সমসেরগঞ্জের প্রশাসন চলছে, তাঁর নাম চিত্ত সরকার। স্থানীয় মানুষ বলেন— ভিতরের কথা জানি না, তবু এটুকু বলতে পারি প্রশাসনের উঁচু থেকে নিচু পর্যন্ত সকলে, পুরসভার প্রশাসকেরা, স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তার, পুলিশ, ব্লক অফিসের বাবুরা সবাই শুধু তঁকে খুশি করতেই ব্যস্ত। তাঁর একটা গাড়ী প্রয়োজন হলে ধুলিয়ানের ব্যবসায়ী মহল তিনটে গাড়ী পাঠিয়ে দেন। তিনি যেটি গ্রহণ করেন তার গাড়ীর মালিক নিজেকে ধন্য মনে করেন। চিত্তবাবুর পিছনের ইতিহাস সংগ্রহ করতে গিয়ে চমকিয়ে উঠতে হয়। তিনি প্রথম যৌবনে হাটে মাঠে নানান ব্যবসা করে জীবন ধারণ করতেন। খড়ের চাল, মাটির বাড়ী সাধারণ মানুষের জীবন চিত্ত সরকার বাম জমানায় আলাদিনের আশ্চর্য্য প্রদীপের যাদু স্পর্শে ধীরে ধীরে ( ৭ম পৃষ্ঠায় )

## কুলগাছি হাটে বি এস এফের সোনার খনি

জঙ্গিপুর : খবরে প্রকাশ মহকুমা ও জেলা প্রশাসকের হাজারো চেষ্টাতেও বাংলাদেশে এদেশ থেকে চাল, চিনি, সার, গরু চালান বন্ধ হয়নি। বন্ধ হয়নি ওদেশ থেকে মাল আসা। এ ব্যাপারে সীমান্তে বি এস এফের কর্মীরা কর্তব্য না করে নিজেদের আখের গুছিয়ে নিচ্ছে বলে অভিযোগে সংশ্লিষ্ট গ্রামবাসীরা সোচ্চার। অনেক সময় বি এস এফ ও গ্রামবাসীদের মধ্যে অপ্রীতিকর ঘটনাও ঘটছে। শুধু যে মাল পারাপার হচ্ছে তাই নয় বাংলাদেশী মানুষ এসে শিকড় গাড়ছে এ দেশে। নাগরক হয়ে ভোট দিচ্ছে। ফলশ্রুতি সীমান্তবর্তী অঞ্চলগুলিতে মুসলিম জনতার সংখ্যা বৃদ্ধি। যা জাতীয় নিরাপত্তা (৭ম পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৬ই আষাঢ় বুধবার ১৩৯৬ সাল

## মেঘ ও রৌদ্র

প্রতি মেঘেই রূপালী রেখা দেখা দেয় অথবা 'মেঘ দেখে কেউ করিস নে ভয়, আড়ালে তার সূর্য হাসে'—বহুশ্রুত এই উক্তিগুলি আমাদের পত্রিকার বিগত সংখ্যায় প্রকাশিত একটি প্রতিবেদন পড়িয়া মনে পড়িল। দেশের প্রশাসনিক ব্যর্থতা, ত্রুটি-বিচ্যুতি, দুর্নীতি, গাফিলতি প্রভৃতি লইয়া নানা জনে নানা ভাবে নানা কথা বলেন। ঈদৃশ মেঘ প্রশাসনে পরিব্যাপ্ত হইয়া সৎ-কর্তব্যরূপী সূর্যের দীপ্তিকে আচ্ছন্ন করিয়া রাখিয়াছে বলিয়া হাহাকার উঠে। কিন্তু মাঝে মাঝে সূর্যকর যে প্রতিভাত হয়, উপরি উল্লেখিত প্রতিবেদনে তাহারই প্রমাণ মিলে।

মাননীয় মহকুমা শাসক মহাশয়কে অজস্র ধন্যবাদ। তিনি গত ৫ই জুন ঠাণ্ডা পানীয়ের স্থানীয় এক দোকান হইতে লিমকা পান করিতে গিয়া বোতলে ময়লা লক্ষ্য করেন এবং তাহার পরের ঘটনাবলীতে তিনি যেভাবে অগ্রসর হন, তাহা প্রশংসার দাবী রাখে। খবরে প্রকাশ, স্থানীয় দোকানদারটির মজুত পানীয় 'সীজ' করা হয়। সরবরাহকারীর নিকট হইতে ঠাণ্ডা পানীয়ের কোন ক্যাশ মেমো উক্ত দোকানদার পান না বলিয়া তিনি উহা মহকুমা শাসক মহাশয়কে দেখাইতে পারেন নাই। এই সূত্র ধরিয়া ক্রমে ক্রমে ধুলিয়ানে অবস্থিত এক জাল পানীয়ের কারখানায় হানা দিয়া পুলিশ বহু দুই নম্বরী ঠাণ্ডা পানীয় আটক করেন। আমরা ইতিপূর্বে জাল-পানীয় কারখানা যাহা ধুলিয়ান অঞ্চলে অবস্থিত, সেই সম্বন্ধে এই পত্রিকায় সংবাদ প্রকাশ করিয়াছিলাম। কিন্তু তখনই যদি প্রশাসনের পক্ষ হইতে তৎপরতা দেখা দিত, তবে বহু মানুষকে জাল পানীয়ের শিকার হইয়া নানা ব্যাধির কবলে পড়িতে হইত না। বর্তমানে বাজারে 'পেপসী' লিমকা প্রভৃতির অভাব নাই। ক্রেতা সাধারণ সরল বিশ্বাসে তাহা কিনিতেছেন। চরম ক্ষতিকারক সস্তা রং মিশ্রিত এই সব পানীয় কত যে মারাত্মক তাহা সহজেই অনুমেয়। দুই নম্বরী এই কারবার যে সবে মাত্র শুরু হইয়াছে, তাহা নয়। আর উহা যে পুলিশের জানা নাই, তাহাও বিশ্বাস্য নহে। ফলে প্রশাসনিক গাফিলতি ইত্যাদির মেঘ তাহার করাল রূপ লইয়া জনজীবনকে বিপর্যস্ত করিবার আয়োজন করিয়াছে। মাননীয় মহকুমা শাসক মহোদয়ের নিকট মহকুমাবাসী তাঁহার তৎপরতার ও কার্যকরী ভূমিকার জন্য অবশ্য কৃতজ্ঞ রহিবেন। মেঘের আড়ালে এই রূপালী রেখা অভিনন্দনীয়। কিন্তু আমরা কামনা করি, ইহার সার্বিক পরিব্যাপ্তি। খাবারের দোকানে খাদ্য হিসাবে যাহা বিক্রয় হয়, তেল, ঘি, আটা প্রভৃতি ভোজ্যসামগ্রী যাহা প্রত্যহ ব্যবহার্য, তাহার বিশুদ্ধতা সম্পর্কে বহু সংশয় বিদ্যমান। ভারপ্রাপ্ত স্বাস্থ্য-পরিদর্শক মহাশয় কি কর্তব্য-পালন করেন, সে সম্বন্ধে বহু প্রশ্ন থাকিয়া যায়।

এত যে অন্ধকার, এত যে দুর্নীতি ও গাফলতি, তাহার মধ্যেও মাননীয় মহকুমা শাসক মহাশয় যে তথাকথিত পুলিশবাহিনী লইয়া জনকল্যাণকর কাজটি করিয়াছেন, তাহার জন্য আমরা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জানাইতেছি এবং ঈশ্বর প্রশাসনিক দপ্তরের বিবেকবোধ জাগ্রত করুন—এই প্রার্থনা করিতেছি।

## এ্যাডভোকেটের অশালীন আচরণ

রঘুনাথগঞ্জ ঃ গত ১৫ জুন জঙ্গিপুর মহকুমা শাসক অফিসে কাষ্টমসের একটি মামলা সংক্রান্ত নথিপত্র আনতে গিয়ে ভারপ্রাপ্ত কর্মী শশাঙ্ক পাঁজার সাথে এ্যাডভোকেট কাশীনাথ মুখার্জীর বচসা ও কথাবার্তা শালীনতার সীমা ছাড়িয়ে যায় বলে অভি-যোগ। ঐ ব্যাপারে অপমানিত বোধ করে কর্মীরা মহকুমা শাসকের দৃষ্টি আকর্ষণ করেন ও যথাবিহিত ব্যবস্থা নেবার দাবী জানান। এস ডি ও সমস্ত ঘটনা জঙ্গিপুর 'ল' ইয়ারস্ বার এ্যাসোশিয়েশনকে জানিয়ে চিঠি দিয়েছেন বলে এক সাক্ষাতকারে আমাদের প্রতিনিধিকে জানান। তিনি মন্তব্য করেন কোন পেপার এ্যাডভোকেটদের প্রয়োজন হলে সে ব্যাপারে তাঁর অনুমতি না নিয়ে, সংশ্লিষ্ট কর্মীদের সঙ্গে অশালীন ব্যবহার কোন মতেই যুক্তিযুক্ত নয়।

## ৫৪ বস্তা চিনি আটক

ফরাক্কা ঃ সম্প্রতি ৫৪ বস্তা চিনি বোঝাই একটি ট্রাক ফরাক্কা এনফোর্সমেণ্ট আটক করে। ঐ চিনি মালদা থেকে নিয়ে আসা হচ্ছিল বলে ট্রাক ড্রাইভার জানায় ও মাল খরিদের কাগজপত্র পুলিশের হাতে তুলে দেয়। ওই সব কাগজপত্র জাল বলে পুলিশ সূত্রে জানা যায়। সন্দেহ চিনির বস্তাগুলি অরঙ্গাবাদ হয়ে বাংলা দেশে যাচ্ছিল। উল্লেখ্য প্রচুর পরিমাণে চিনি, কাপড়, লবণ ইত্যাদি বাংলা দেশে পাচার হচ্ছে বলে আমাদের পত্রিকায় সংবাদ দেওয়া হয়। তারই পরিপ্রেক্ষিতে প্রশাসনিক তৎপরতা শুরু হয় বলে খবর। মহকুমা শাসক জানান—তিনি মালদার ডি এম এর কাছে চিঠি দিয়ে জানিয়েছেন কিভাবে বিনা লাইসেন্সে এভাবে চিনি আনা নেওয়া করতে পারে।

## সভাপতি নিজ আচরণের জন্য দুঃখ প্রকাশ করলেন

জঙ্গিপুর ঃ রঘুনাথগঞ্জ ২নং ব্লকের অঞ্চল সভাপতির ঔদ্ধত্যপূর্ণ আচরণের তীব্র প্রতিবাদ জানান ব্লকের কো-অর্ডিনেশন কমিটির কতিপয় সদস্য। খবর, পঞ্চায়েত সমিতির সভাপতি অফিসের বিভিন্ন পদস্থ ও নিম্ন পদস্থ কর্মীদের সাথে জমিদার সুলভ আচরণ করতে থাকেন ও যখন তখন তাঁদেরকে ধমকানি দেন। তাঁর ঐ অশালীন আচরণের প্রতিবাদ করে বি ডি ওর কাছে কর্মচারীরা লিখিত প্রতিবাদ দাখিল করলে বি ডি ও সে ব্যাপারে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি ঘটনার গুরুত্ব উপলব্ধি করে দুঃখ প্রকাশ করেন ও ভবিষ্যতে সংযত থাকার প্রতিশ্রুতি দেন বলে জানা যায়।

## রেজ্জাকের অনুকূলে জজ কোর্টের নিষেধাজ্ঞা

ধুলিয়ান ঃ স্থানীয় পাকুড় রোডে রতনপুরে পি ডবলু ডির খাস জমিতে মাটি ভরাট নিয়ে বিড়ি ব্যবসায়ী রেজ্জাক সেখের বিরুদ্ধে এস ডি ওর নোটিশ ও কোর্টে মামলা দায়ের হয়। দেখা যায় সেই পরিপ্রেক্ষিতে ১৩ ও ১৪ জুন পুলিশ পাহারায় ট্রাকে করে ভরাট মাটি তুলে ফেলা হচ্ছে। কিন্তু হঠাৎ মাটি তোলার কাজ বন্ধ হওয়ায় খোঁজ নিয়ে জানা যায় রেজ্জাকের অনুকূলে জজ কোর্ট স্থিতাবস্থা আদেশ দিয়েছেন। খবর রেজ্জাক ও তাঁর দুই ভাই ওই জায়গা কিনে নেন ও মাটি ভরাট করেন। পরে গোলমাল বাঁধলে সরকার পক্ষ ও রেজ্জাকের পক্ষ থেকে জায়গাটি মাপজোক করা হলে দু'পক্ষের আমিনের দু'রকম মত দেখা দেয়। সরকার পক্ষ রেজ্জাকের কথা না শুনে মাটি তুলতে শুরু করেন ও রেজ্জাককে ১৩৩ ধারার নোটিশ দেন এবং তাঁর বিরুদ্ধে মামলা করেন। রেজ্জাক সরকার পক্ষের বিরুদ্ধে জজ কোর্টে আবেদন জানালে ঐ নিষেধাজ্ঞা জারী হয়।

## সি পি আই এর পথ অবরোধ

সাগরদীঘি ঃ গত ১০ মে সি পি আই এর সমর্থকরা মনিগ্রাম ডাক্তারখানা বাস ষ্ট্যাণ্ডের মোড়ে পথ অবরোধ আন্দোলন করে। আন্দোলনের প্রধান দাবীগুলোর মধ্যে গ্রামে পানীয় জলের উপযুক্ত সরবরাহ ব্যবস্থা, বিভিন্ন গ্রামের রাস্তাঘাট পাকা করা, এবং সাগরদীঘি রুটে বাস চলাচলের অব্যবস্থা দূর করা। বেলা ১০টা নাগাদ সাগরদীঘি থানার ওসি ঘটনা স্থলে উপস্থিত হলে তাঁর হাতে দাবীপত্র তুলে দেওয়া হয়। তিনি দাবীগুলি যথাস্থানে পৌঁছে দেবেন আশ্বাস দেন এবং জনস্বার্থে পথ অবরোধ প্রত্যাহারের অনুরোধ করেন। ওসির অনুরোধে আন্দোলনকারীরা পথ অবরোধ তুলে নেন।

**NTPC**
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN ; DIST. MURSHIDABAD (W. B.)
PIN ; 742236

Sealed tenders are invited from experienced and registered contractor of NTPC/CPWD/Railways/WBSEB and public sector undertakings for the following works, Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs. 20·00 ( Rupees Twenty only ) extra for each work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand draft in favour of National Thermal Power Corporation Ltd. payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The documents will be on sale from 12-6-89 to 1-7-89 between 9-00 to 12-00 hours and 14-30 hours to 16-00 hours on all working days. Tender will be received upto 3-00 p.m. of the tender opening date and will be opened as indidated below in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Approx value of work | Amt. of EMD Cost of tender paper | Completion period | Date of time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Hiring of 1 (one) no. diesel jeep and 2 (two) nos. minibus for CISF personnel of FSTPP. NIT no. FS:42:CS:1117/T-56/89 | 3·00 lakhs | Rs. 6000/- Rs. 50/- | 12 months | 3-7-89 at 3·00 p.m. |
| 2. | Development of lakes and parks at permanent township. Khejuriaghat of FSTPP. NIT no. FS:42:CS:1596/T-57/89 | 4·00 lakhs | Rs. 8000/- Rs. 50/- | 12 months | 3-7-89 at 3-00 p.m. |
| 3. | Extension of Central school at permanent township. Khejuriaghat of FSTPP. NIT no. FS:42.CS:1597/T-58/89. | 9·00 lakhs | Rs. 18·000/- Rs. 50/- | 10 months | 4-7-89 at 3-00 p.m. |
| 4. | Construction of road and drain in 'D' type quarters at permanent township, Khejuriaghat of FSTPP. NIT no. FS:43:CS:3015/T-59/89 | 15·00 lakhs | Rs. 30·000/- Rs. 100/- | 12 months | 4-7-89 at 3-30 p.m. |
| 5. | Construction of Primary School at Lakshmipur Village. NIT no. FS:42:CS:1598/T-60/89. | 0 20 lakh | Rs. 400/- Rs. 25/- | 4 months | 5-7-89 at 3-00 p.m. |
| 6. | Construction of Primary School at Bhangatola Village. NIT no. FS:42:CS:1599/T-61/89. | 0·20 lakh | Rs. 400/- Rs. 25/- | 4 months | 5-7-89 at 3-30 p.m. |

## Terms and Conditions :—

1. Proof or registration, latest IT. ST & Professional Tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining tender forms and should be submitted alongwith the tender.
2. Interested parties are advised to visit site to familiarise with the site conditions,

( Contd. 4 page )

## ফ্রন্টে শরিকী সংঘর্ষে গুলি, নিহত এক

ধুলিয়ান : সামসেরগঞ্জ থানায় ফ্রন্টে শরিকী কোন্দল চরমে উঠেছে বলে খবর। আয়ারাম গয়ারাম নেতাদের মধ্যে গণ্ডগোল এমন সীমায় পৌঁছেছে যে প্রায় প্রতিদিনই বিভিন্ন গ্রামে সংঘর্ষ বাঁধছে, গুলি চল্‌ছে। গত ১৩ জুন এলিজাবাদ গ্রামে সি পি এমের পরিকল্পিত আক্রমণে দোগাছি ভাসাই পাইকর অঞ্চলের সারা ভারত সংযুক্ত কিষাণ সভার সম্পাদক হুমায়ুন আলি খুন হন। খবর, শ্রী আলি সি পি এম ত্যাগ করে আর এস পিতে যোগ দেওয়ায় বেশ কিছুদিন ধরেই গণ্ডগোল চলছিল। ঘটনার দিন দোকান থেকে চাল কিনে তাঁর আট বছরের কন্যাকে নিয়ে বাড়ী ফেরার পথে সি পি এমের ১০/১২ জন তাঁকে লক্ষ করে পর পর ৭/৮টি বোমা নিক্ষেপ করলে তিনি ঘটনাস্থলে মারা যান। মেয়েটি কোন রকমে বেঁচে যায়। থানায় কেস দায়ের করা হলেও এখন পর্যন্ত কেউ ধরা পড়েনি। উভয় দলের সংঘর্ষে হুমায়ুন আলিকে নিয়ে এই গ্রামে আজ পর্যন্ত তিনজন খুন হলেন বলে গ্রামবাসীরা জানান। অপর এক ঘটনায় গাজিনগর মালঞ্চা গ্রাম পঞ্চায়েতের সি পি এম সদস্য এবং বিধায়ক তোয়াব আলির ভাইপো সামাউন সেখ গত ১৬ জুন রাত্রি নটা নাগাদ ফরওয়ার্ড ব্লকের সেখ নাজিরুদ্দিনকে গুলি করে। গুরুতর আহত নাজিরুদ্দিনকে অনুপনগর হাসপাতালে ভর্তি করলে ডাক্তাররা গুলিটি বের করে তাঁর প্রাণ রক্ষা করেন। পুলিশ গুলিটি আটক করে। জানা যায় গুলিটি রাইফেলের। এ ব্যাপারেও সামাউনকে পুলিশ গ্রেপ্তার করেনি। ফরওয়ার্ড ব্লকের তরফ থেকে প্রশাসনিক তৎপরতার জন্য প্রতিদিন বিক্ষোভ মিছিল চলছে। উল্লেখ্য, মালঞ্চা গ্রামের কয়েক শত সি পি এম সমর্থক ও কর্মী দলত্যাগ করে ফরওয়ার্ড ব্লকে যোগ দেওয়ায় সি পি এম তার বদলা নিতে সমগ্র এলাকায় সন্ত্রাসের সৃষ্টি করেছে।

## দীর্ঘতম সাঁতার প্রতিযোগিতা

বহরমপুর : মুর্শিদাবাদ সুইমিং এ্যাসোশিয়েশন এক বিজ্ঞপ্তিতে জানাচ্ছেন—বিশ্বের দীর্ঘতম সাঁতার প্রতিযোগিতা অন্যান্য বছরের মত এ বছরও ১০ সেপটেম্বর অনুষ্ঠিত হবে। অংশ গ্রহণে ইচ্ছুক প্রতিযোগীদের আগামী ১০ আগষ্টের মধ্যে এ্যাসোসিয়েশন অফিসে নাম পাঠাতে বলা হয়েছে।

## পাট বোঝাই লরীতে আগুন

ধুলিয়ান : গত ৭ জুন ধূলিয়ান-পাকুড় রোডের রতনপুরে পাট বোঝাই একটি লরী ( ডবলু বি আই ৬৬২৭ ) পার্শ্ববর্তী এক চায়ের দোকানের উপর পাল্টি খেয়ে পড়ে যায়। দোকানের জ্বলন্ত উনানের আগুনে পাটে আগুন ধরে সমস্ত পাট পুড়ে যায়। দমকল পাটের আগুন নিভাতে ব্যর্থ হলেও লরীটিকে সম্পূর্ণ ভস্ম হওয়া থেকে রক্ষা করে।

## বিড়ির গুদামে সি বি আই হানা

ধুলিয়ান : গত ৯ জুন সি বি আই এবং সেলস্ ট্যাক্স অফিসারের একটি দল স্থানীয় দুই বিড়ি ব্যবসায়ীর গুদামে হানা দিলে হিসাব বহির্ভূত বহু বিড়ির পাতা ধরা পড়ে। ব্যবসায়ী বাবর আলি এবং শ্যামাচরণ সাহার গুদাম দুটি তাঁরা সিল করে দেন।

## পঞ্চায়েত অফিসার ভূয়ো ভোটারের অভিযোগ নস্যাৎ করলেন

জঙ্গিপুর : সাম্প্রতিক ভোটার লিস্টে বহু ভূয়া নাম তোলা হয়েছে এ অভিযোগ করেন লক্ষীজোলা অঞ্চলের কংগ্রেস সেবাদল। তাঁরা জানান, ৯৪ এবং ৯৬ অংশে বহু ভূয়ো ভোটারের নাম ছাপা হয়েছে, এগুলির তদন্ত হওয়া বিশেষ প্রয়োজন। সেই পরিপ্রেক্ষিতে গত ১১ মে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের পঞ্চায়েত অফিসার মঞ্জুর হোসেন ঐ গ্রামে তদন্তে যান। সেবাদলের অভিযোগ, উক্ত অফিসার তাঁদের তথ্যাদি গ্রহণ না করে সি পি এমের নির্দেশ মত ভূয়ো ভোটারদের নাম তালিকাতে রেখে দেন। সেবাদলের চিফ বি ডি ও রঘুনাথগঞ্জ ব্লক দুইকে এক লিখিত আবেদনে পুনরায় ব্যবস্থা নিতে অনুরোধ জানান। তিনি সঠিক এবং নিরপেক্ষ তদন্তের স্বার্থে পঞ্চায়েত অফিসে তদন্তের ব্যবস্থা না করে ব্লক অফিসে সমস্ত তথ্য নিয়ে বিচার বিশ্লেষণ করা হোক বলে দাবী করেন।

## ধুলিয়ানে সোসালিষ্ট পার্টি গঠিত হলো

ধুলিয়ান : গত ১৭ জুন এখানে তরুণ সেনের নেতৃত্বে সোসালিষ্ট পার্টির সমসেরগঞ্জ লোকাল কমিটি গঠিত হলো। উল্লেখ্য পঃ বঙ্গে বর্তমানে সোসালিষ্ট পার্টি দু'ভাগে বিভক্ত। নতুন সংগঠনটি মৎস্য মন্ত্রী কিরণময় নন্দের গ্রুপ বলে চিহ্নিত। আপাততঃ সুজিত সরকারকে কনভেনার করে ১৬ জনের ১টি থানা কমিটি গঠন করা হয়। সাগরদীঘি, রঘুনাথগঞ্জ, সুতি, ফরাক্কা প্রভৃতি থানায়ও লোকাল কমিটি গঠনের কাজ চলছে বলে রাজ্য কমিটির সদস্য তথা মুর্শিদাবাদ ও সমগ্র উত্তরবঙ্গের দায়িত্ব প্রাপ্ত নেতা তরুণ সেন আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন।

( FROM PAGE 3 )

3. Tenders received late and/or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC are not exempted from depositing EMD. The tenders must be accompanied by requisite earnest money in prescribed form earnest money of Rs.........................enclosed should clearly be written on the top of envelope containing tender paper failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s).
4. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.
5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer & reserves the right to cancel any or all the offers without assigning any reason.
6. For sl. no. 1, parties must have operated similar nature of job for jeep/ minibus in a reputed organisation or having jeep/minibus of their own.

**Deputy Manager (Contracts)**

NTPC/FSTPP

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742236

N. T. P. C. Farakka invites applications from the persons whose land has been acquired for construction of the Project for the post of Assistant ( Cashier ) in the Pay Scale of Rs. 620-20-920/-

**The job specitication for the post are as under :**

**Qualification & Experience :**

Graduate preferably with Commerce, 40 w. p. m. typing speed. with one year experience of working as a Cashier in a Bank or in any other reputed Organisation.

OR

Higher Secondary with Diploma in Book-Keeping/Accoonts/Commerce, 40 w. p. m. typing speed, with one year experience of working as a Cashier in a Bank or in any other reputed Organisation.

**Age Limit :** 35 years as on 31-5-1989

**General conditions :**

1. Only the land evictees or his direct dependent as nominated in the Land Oustee Details Form already submitted to NTPC/FSTPP is eligible to apply for the above post.
2. Mere application will not entitle a candidate to be called for Test/Interview etc. This will be subject to fulfilment of specification etc. as advertised, vereficatio of particulars of candidates with reference to land acquired and nomination made by Land Oustee etc,
3. The last date of receipt of applications is 24-7-89.
4. Application of candidates not fulfilling the above criteria will be summarilly rejected.
5. All the applicants must have their name registered in Employment Exchange and quote the Registration No. In the application.

**How to Apply :** Applications neatly typed on plain white paper alongwith one recent passport size photograph and copies of all certificates/testimonials strictly as per the format given hereunder should reach the .

**Personnel Officer (Rctt.)**
**Farakka Super Thermal Power Project**
P. O. Nabarun-742236, Dist. Murshidabad (WB)

## Application Format

1. Post applied for :
2. Advertisement No.
3. Name of the Candidate :

(Contd.6 Page)

(From page 6)

4. Father's Name :
5. Date of Birth (Alongwith attested copies of Certificate) :
6. State of Domicile :
7. a) Address for communication with PIN Code No.
   b) Permanent Address :
8. Whether belongs to SC/ST/EX. SM/Physically Handicapped category :
   (Attach Attested copies of Certificates, from Competent Authority)
9. Academic and Professional Qualifications (Alongwith attested copies of Certificates & Marks obtained) :

Affix a recent Passport Size Photograph

| Examination Passed (Matric onwards) | Name of Institution/ University | Year of Passing | % of Marks obtained |
|---|---|---|---|
| | | | |
| | | | |

10. Experience (Alongwith attested copies of Certificates) :

| Name & Address of Employer | Designation | Nature of work | Period of Experience | Basic Pay & Allowances drawn |
|---|---|---|---|---|
| | | | | |

11. English typing speed (Alongwith attested copy of relevant certificate) :
12. Name of Employment Exchange & Registration No. :
13. Extra Curricular activities :
14. Interview attended in NTPC/FSTPP (Mention date of interview and name of the post chronologically) :
15. Land evictee details (alongwith copy of payment notice and copy of the covering latter to the nomination form sent by NTPC must be attached, failing which application is likely to be rejected) :

| Name & Address of Land evictees | Mouza from which land acquired | RA/LA Case No. and NTPC Sl. No. | Quantum of total land acquired and amount received | Name of Nominee | Relationship of nominee with the land evictee |
|---|---|---|---|---|---|
| | | | | | |

I, hereby solemly declare that the particulars submitted above are true, exhaustive and

(Conted 8 Page)

## উত্তর সাধকের দল

( ১ম পৃষ্ঠার পর )

আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও সুকুমার সেনের লেখা ব্যাকরণ রচনা বইটি নির্বাচন করেন এবং সেই বইটির নাম ছাপা বুকলিষ্টে স্থান পায়। কিন্তু বুকলিষ্ট বিলি করার সময় বিশেষ কারণে (?) প্রধান শিক্ষক মশায় ছাপা বুকলিষ্টে কলম চালিয়ে সুনীতি বাবু ও সুকুমার সেনকে গলাধাক্কা দিয়ে অন্য এক অনুগ্রহভাজনের দেওয়া বই পাঠ্য করেন। আমাদের এতদিন জানা ছিল বাংলাভাষায় ব্যাকরণ ও ভাষাতত্ত্বে এদেশে সুনীতিবাবু ও সুকুমার সেনের শ্রেষ্ঠত্ব অবিসম্বাদিত। কিন্তু এখানে দেখা যাচ্ছে ছাত্রদের জন্য অন্য বই পাঠ্য হয়েছে।

মহকুমার অন্যতম শ্রেষ্ঠ বালিকা বিদ্যালয় রঘুনাথগঞ্জ গার্লস হাই স্কুল। প্রধান শিক্ষিকা জ্যোৎস্না বন্দ্যোপাধ্যায়। এই স্কুলের বুকলিষ্টে কোন্ বই নির্বাচন করা হবে সে সম্পর্কে সাবজেক্ট টিচারদের মতামতের কোন মূল্য দেওয়া হয় না। প্রধান শিক্ষিকা তাঁর নিজের সুবিধা অনুযায়ী বুকলিষ্ট করেন। এ বছর বেশ কয়েকখানি বই পরিবর্তন করে তিনি স্থানীয় এক পুস্তক ব্যবসায়ীকে অনুগৃহীত করেছেন। এবার নবম শ্রেণীতে ইতিহাস বই নির্বাচনের সময় তিনি ঐ বিষয় যিনি পড়ান সেই শিক্ষিকার মতামত অগ্রাহ্য করে নিজেই তাঁর সুবিধামত (!) একটি বই নির্বাচন করেন। ছাত্রীরা সেই বই কেনে। কিন্তু ইতিহাসের শিক্ষিকা অন্য লেখকের বই পড়ান এবং ছাত্রীদের কিনতে বলেন। ফলে অনেক অভিভাবককে দুইটি বই কিনতে বাধ্য হতে হয়। নবম শ্রেণীতে ইতিহাস বই নিয়ে গত বছরও এই একই ঘটনা ঘটেছিল। স্কুলে যে সমস্ত নমুনা বই যায় সেগুলি সাবজেক্ট টিচারদের দেওয়া হয় না এই অভিযোগও পাওয়া যাচ্ছে। প্রতি বছর যে হাজার হাজার টাকার নমুনা বই স্কুলে আসে তা কোন পরমগতি লাভ করে তা অনুসন্ধানযোগ্য।

এইসব অন্ধকার চিত্রের মধ্যে কিছু আলোক রেখাও আছে। এখনও কিছু সংখ্যক প্রধান শিক্ষক ও তাঁদের কিছু সহকর্মী সব বিদ্যালয়েই আছেন যাঁরা শিক্ষাদানকেই প্রধান কর্তব্য হিসাবে আঁকড়ে আছেন এবং নীতিভ্রষ্ট হননি। এখানে আমরা মৃদুভাষী হৃদয়বান রঘুনাথগঞ্জ হাই স্কুলের প্রধান শিক্ষক রমাপতি মণ্ডলের নাম উল্লেখ করতে পারি। এই স্কুল এখনও ছাত্র ও অভিভাবকদের স্বার্থ বলি দিয়ে বুকলিষ্ট নিয়ে ছিনিমিনি খেলেনি। সহ-শিক্ষকদের মতামতকে যোগ্য মর্যাদা দিয়ে প্রধান শিক্ষক বিদ্যালয়ের উন্নতিকেই একমাত্র লক্ষ্য করে রেখেছেন। কিন্তু দুঃখের বিষয় সরকারী সহযোগিতা ও দাক্ষিণ্য-লাভের ব্যাপারে রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় আজও দুয়োরাণী হয়ে আছে। (আগামী সংখ্যায় সমাপ্য)

## ধুলিয়ানের অর্জ্জুন সিং

( ১ম পৃষ্ঠার পর )

প্রতাপ ও প্রতিপত্তির উচ্চতম স্তরে অসাংবিধানিক ক্ষমতার অধিকারী হয়ে উঠলেন। মাটির বাড়ীর স্থলে গড়ে উঠলো প্রাসাদোপম অট্টালিকা। কিছুদিন পূর্বে এক সংবাদে প্রকাশ, জনৈক কৌতূহলী ক্যামেরাম্যান তাঁর বাড়ীর ছবি তোলায় চিত্তবাবু তাঁর হাত থেকে ক্যামেরা ছিনিয়ে নিয়ে তাঁকে গালাগালি করতে থাকেন। স্থানীয় লোকের অনুরোধেও তিনি কর্ণপাত করেন নি। শেষতক ওসির মধ্যস্থতায় ক্যামেরাম্যান তাঁর ক্যামেরা ফেরৎ পান এবং অবস্থা শান্ত হয়। শোনা যায়, তাঁকে ধুলিয়ানের সকলেই সমীহ করে চলেন, নইলে বিপদ ঘটতে পারে। তাঁর তদ্বিরেই নাকি বর্তমান ওসির সমসেরগঞ্জে চাকরীর মেয়াদ আরও এক বছর বাড়লো। পুর শহরের ১৪নং ওয়ার্ডের ভাঙ্গন প্রতিরোধের টাকার গরমিলেও তাঁর হাত আছে বলে স্থানীয় মানুষেরা সন্দেহ করেন। আরও জানা যায়, চিত্তবাবুর স্ত্রীর চাকরীর জন্য জৈন কলোনীর কোন একটি স্কুলে নাকি জেলা স্কুল বোর্ডের নির্দেশে একটি হিন্দী

## বি এস এফের সোনার খনি

( ১ম পৃষ্ঠার পর )

বিঘ্নিত করছে। কিন্তু কে ভাবছে সে কথা। মাঝে মধ্যে দু'চার জনকে বাংলাদেশী সন্দেহে গ্রেপ্তার করে পুলিশ বাহবা নিচ্ছে। মোট কথা সোনার খনি থেকে সোনা আহরণে ব্যস্ত পুলিশ, সীমান্তরক্ষী সকলে। তার সঙ্গে হাত মিলিয়েছে এদেশের বেশ কিছু লোভী, অসৎ মানুষ যাদের কাছে পয়সাই সব। আবার রাজনৈতিক দলগুলি নিজেদের ভোটের স্বার্থে এসব দেখেও দেখছেন না। এরূপ একটি বর্ডার খান্দুয়া। যদিও সরকারী আদেশ—সীমান্ত থেকে ৮ কিমির ভিতর কোন গরু ছাগল বা চাল বিক্রির হাট বসবে না। তবুও খান্দুয়া বর্ডার থেকে ৪/৫ কিমি হওয়া সত্ত্বেও কুলগাছি হাট চলছে বহাল তবিয়তে। হাটে আসছে ওপার থেকে বাংলাদেশীরা পাচার হচ্ছে চাল, চিনি, সার, গরু। অদ্ভুত কৌশলে আর পয়সার দৌলতে ৫ কিমি হয়ে গেছে ৮ কিমি। পঞ্চায়েত থেকে হাটের লাইসেন্সও দেওয়া হয়েছে। দেখবে কে? সবাই তো এক গোষ্ঠীর। তার উপর কুলগাছি হাট বসাবার লাইসেন্স হল রবিবারে। কিন্তু সেই আদেশকে বুড়ো আঙুল দেখিয়ে হাট বসছে বৃহস্পতিবারে। এখানেও পঞ্চায়েতের ভূমিকা রহস্যজনক। এইসব বেআইনী কারবার চলছে প্রশাসনের চোখের উপরে। যারা দেশকে ভালবাসে তাদের দাবী মহকুমা প্রশাসক লোকমুখে না দেখে নিজের চোখে একবার দেখে আসুন। বন্ধ করুন বেআইনী এইসব কাণ্ডকারখানা।

---

শিক্ষিকার পদ সৃষ্টি করা হচ্ছে; সেই পদে তাঁকে নিয়োগ করা হবে। বিভিন্ন শিক্ষক সংগঠনের পক্ষ থেকে এ ব্যাপারে প্রতিবাদ করা হলেও তাতে আমল দেওয়া হচ্ছে না বলে অভিযোগ উঠেছে। ক্ষুব্ধ বেশ কিছু মানুষ অভিযোগ করেন—সমসেরগঞ্জে সি পি এম বলতে বোঝায় চিত্ত সরকার এবং তাঁর এই ক্ষমতার উৎস কি তা জানা যায় না।

## নিষ্ক্রিয়তার অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

এবং কয়েকজন আদিবাসীর ঘরে জোর করে ঢোকে। থানায় সবকিছু জানানো হলেও ব্যবস্থা নেওয়া হয়নি বলে খবর। শেষ পর্যন্ত ২৫/৩০টি গ্রামের আদিবাসী প্রতিনিধিরা আত্মরক্ষার্থে রাষ্ট্রিয় স্বয়ং সেবক সংঘের সাহায্য নেন। অবস্থা ঘোরালো দেখে থানা রেজ্জাককে গ্রেপ্তার করে সাগরদীঘি নিয়ে যায়। কিন্তু সেখানে ঐ এলাকার বিশেষ এক রাজনৈতিক দলের নেতা ভাদু মণ্ডলের মধ্যস্থতায় রেজ্জাককে পুলিশ ছেড়ে দেয়। এই ঘটনায় আদিবাসী অঞ্চলগুলিতে উত্তেজনা চরমে ওঠে। গত বছর ডিসকো বাসের সামনে আরাডাঙ্গার এক বৃদ্ধ আদিবাসীর পা ভেঙ্গে দেওয়া হয় দিনদুপুরে। কিন্তু রঘুনাথগঞ্জ থানা এ ব্যাপারে কোন ব্যবস্থা নেয় না। স্বয়ং সেবক সংঘের পরিচালনায় আদিবাসীরা সংঘবদ্ধ হচ্ছেন বলে জানা যায়। পুলিশ যদি এরকম নিষ্ক্রিয় থাকে তবে সমস্ত আদিবাসী গ্রাম থেকে প্রতিনিধিরা সাগরদীঘি থানা ঘেরাও করে ব্যবস্থা নেওয়াতে বাধ্য করবেন এ কথা জানান স্বয়ং সেবক সংঘের জনৈক মুখপাত্র। মহকুমা শাসক ও মহকুমা পুলিশ প্রশাসক সক্রিয় না হলে এতদঞ্চলে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হবার আশঙ্কা রয়েছে।

---

Wanted a B. A. Assitt. Teacher (pref. trained) in deputation vacancy. Apply to the secretary Kanupur Nabajagaran Jr. High School, P. O. Kanupur, Dist. Murshidabad on or before 29, 6. 89.

---

গম ভাঙ্গা মেশিন বিক্রী

মিঞাপুর রেল ক্রশিং এর নিকট চাউল পট্টিতে সদর রাস্তার উপর একটি চালু গম ভাঙ্গা মেশিন জায়গাসহ বিক্রী হবে। যোগাযোগ করুন।

শিবশঙ্কর মেডিক্যাল হল
মিঞাপুর চাউল পট্টি

## গ্রাম ছেড়েও মহসীন রেহাই পেলেন না !

জঙ্গিপুর ঃ খেজুরতলা ঘাটের একছত্র অধিপতি কংগ্রেসের মহসীন ডাটাকে পুলিশ আজ ২১ জুন গ্রেপ্তার করে। উল্লেখ্য, তাঁর দলের প্রায় সকলে সি পি এমে যোগ দিলেও মহসীনসহ কয়েকজন কংগ্রেস ত্যাগ করেননি। ফলে সি পি এমের অত্যাচারে তাঁদের গ্রাম ছাড়তে হয়। মহসীন বর্তমানে বাবুবাজারে বাড়ী ভাড়া নিয়ে বাস করছিলেন। পুলিশ খেজুরতলার মরজেম আলীর ঘড়ি ও সাইকেল ছিনতাই এর অভিযোগে মহসীন ডাটা, হেফাজ সেখ ও অমিত সরকারকে গ্রেপ্তার করে বলে জানা যায়।

## মৌলবাদীদের হাতে মুসলিম দার্শনিক লাঞ্ছিত

অরঙ্গাবাদ ঃ সম্প্রতি জেলার সুপরিচিত উদার পন্থী দার্শনিক ও লেখক আবদুল গণি লাঞ্ছিত হন। জানা যায় ঘটনার দিন তিনি তাঁর সুখশান্তি প্রচার কেন্দ্রে বসেছিলেন। সেই সময় কয়েকজন মৌলবাদী মুসলিম এসে তাঁকে প্রচণ্ড মারধোর করে ও তাঁর চশমা ভেঙ্গে দেয়। মাথায় আঘাত লাগায় মাথা ফেটে রক্ত বের হয় তাঁর রচিত পুস্তকদুটি 'সুখশান্তি দর্শন' ও 'মুক্তি পাথেয়'। প্রথম পুস্তকটির ভূমিকা লেখেন অধ্যাপক রেজাউল করিম। আমাদের সমাজে বিশেষ করে মুসলিম সমাজে প্রচলিত অন্ধবিশ্বাস ও কুসংস্কারের সমালোচনা করেন। তিনি ঐ পুস্তকদুটিতে ইসলামের আসল অর্থ ও ধর্মীয় ব্যাখ্যা করে তিনি উক্ত গ্রন্থদ্বয়ে সকলকে সুষ্ঠু জীবন-যাপন করার আহ্বান জানান। তাঁর ঐ উদারনৈতিক মনোভাবে কিছু ধর্মান্ধ মৌলবাদী মুসলিম তাঁর উপর ক্ষুব্ধ হয়ে হামলা চালায়। এ ব্যাপারে জেলা শাসকের দৃষ্টি আকর্ষণ করলে তিনি এস পিকে তদন্তের নির্দেশ দেন।

## লাশকাটা ঘরের সমস্যা মিটতে চলেছে

রঘুনাথগঞ্জ ঃ শহরের মধ্যস্থলে লাসকাটা ঘরটি সরিয়ে নেবার দাবীতে দীর্ঘ বছর দুই ধরে আন্দোলন চলছিল। গত ১৫ জুন মহকুমা শাসকের আহ্বানে তাঁর খাস কামরায় ফ্রন্ট প্রতিনিধি, পুরপিতা, মহকুমা পুলিশ অফিসার, মহকুমা হাসপাতালের মেডিক্যাল অফিসার এবং কয়েকজন সমাজসেবীর উপস্থিতিতে দীর্ঘ আলোচনার পর এক সমাধান সূত্র পাওয়া যায়। সেই অনুযায়ী আপাততঃ ২ জুলাই থেকে ছ' মাসের জন্য হাসপাতালেই পোষ্টমর্টেমের ব্যবস্থা হবে ও হাসপাতালের মর্গে লাশ রাখা হবে। এর মধ্যে সরকারী প্রস্তাব অনুযায়ী ১২ লক্ষ টাকা ব্যয়ে বৈজ্ঞানিক পদ্ধতি সমন্বিত বাতানুকুল মর্গ ঘর তৈরী করার ব্যবস্থা গ্রহণ করবেন রাজনৈতিক দলগুলি। এস ডি এম ও তীব্র আপত্তি জানালেও শেষ পর্যন্ত সকলের অনুরোধে ওই প্রস্তাব মেনে নেন। তবে তিনি লাশ সত্বর অপসারণের ব্যবস্থা যাতে হয় সে ব্যাপারে পুলিশ কর্তৃপক্ষকে সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ জানান।

## স্কুলের সমস্যা সমাধানে গণসংযোগ

রঘুনাথগঞ্জ ঃ গত ১০ জুন স্থানীয় উচ্চ বিদ্যালয়ের গৃহসমস্যা ও উচ্চ মাধ্যমিক শ্রেণী খোলার ব্যাপারে গণসংযোগের স্বার্থে এক মিছিল শহর পরিক্রমা করে। এই মিছিলে স্কুলের ছাত্র ও শহরের প্রায় ক্লাবের সভ্যরা যোগ দেন। জনৈক শিক্ষক জানান, মিছিলের পর এ ব্যাপারে যথেষ্ট সাড়া মিলেছে। তিনি আরও জানান, আগামী ২৫ জুন এই সমস্যা সমাধানে সার্বিক আলোচনার জন্য স্থানীয় রবীন্দ্র ভবনে এক সভার আয়োজন করা হয়েছে এবং সমস্ত নাগরিককে ওই আলোচনা সভায় অংশগ্রহণের জন্য স্কুল কর্তৃপক্ষ আবেদন জানিয়েছেন।

## মনিগ্রাম এলাকায় পর্যটন ক্ষেত্র গড়া যেতে পারে

সাগরদীঘি ঃ সাগরদীঘি ব্লকের মনিগ্রাম একটি প্রাচীন গ্রাম। এটি এককালে ছিল বনবীথি ঘেরা। কথিত আছে যাদব গুরু গর্গ এখানে বাস করতেন। তাই এই স্থানের নাম হয় মুনিগ্রাম। পরবর্তীতে পরিবর্তি নাম মনিগ্রাম। ব্লকের চাঁদপাড়া, দোগাছি প্রভৃতি অঞ্চলের বনে বাঘ ঘুরে বেড়াত। গ্রামের পশ্চিমপ্রান্তে ছিল প্রচুর হরিণ। তাই এখানে রয়েছে হরিণ চড়ার মাঠ। ছোট বড় স্বাভাবিক সৃষ্ট পুকুরে ফুটত পদ্ম সেইসব পুকুর ছিল বালিহাঁসের চারণ ক্ষেত্র। ধীরে ধীরে সব লুপ্ত হয়ে গেল। ১৯৮৪ থেকে সরকার চেষ্টা করলেন বন সৃজনের। কিন্তু সেইসব গাছ নষ্ট হয়ে গেল গ্রামবাসীদের অত্যাচারে। চাঁদপাড়া, বড়গড়া বংশীয়া মৌজায় জমি অধিগ্রহণ করে সরকার বনসৃজন পরিকল্পনা নিলেন। কিন্তু পরিদর্শনের ত্রুটিতে গো-মহিষের অত্যাচারে নষ্ট হলো চারাগাছ। যেগুলি বড় হলো সেগুলি জ্বালানী হিসাবে আশপাশের মানুষ নিল কেটে। বুদ্ধিজীবি মহল মনে করেন যদি সরকারী পরিদর্শন কড়া করে ঐ অঞ্চলে বনসৃজন, পুষ্করণী উন্নয়ন করা হয় তবে ওখানে অভয়ারণ্য গড়ে তোলা সম্ভব। তার উপর প্রাচীন ঐতিহাসিক স্থানগুলি যেমন মনিগ্রামের গর্গমুনির ঢিবি, জ্যোতির্বিদ গর্গের মান মন্দির, বালিয়ার গর্গমুনির কালীমূর্ত্তি, হুশেন শাহের টাঁকশাল চাঁদপাড়া, চন্দনবাটির প্রাচীন শিব, চন্দনশাহ পীরের মাজার, পাল রাজত্বের নিদর্শন সাগরদীঘি প্রভৃতি সংস্কার করে পর্যটক টানা সম্ভব হবে। সরকার সক্রিয় হলে মহকুমার একটি মৃত অবহেলিত এলাকাকে প্রাণচঞ্চল মনোরম করে তোলা সম্ভব হবে। এদিকে শোনা যাচ্ছে এই এলাকায় সাগরদীঘি তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হচ্ছে। তারসঙ্গে উক্ত পরিকল্পনা যুক্ত হলে পর্যটকদের কাছে এই অঞ্চল হয়ে উঠবে বিশেষ আকর্ষণীয়।

(From page 6)

correct to the best of my knowledge and belief. If at any point of time the above information is found to be wrong or false my candidature shall be rejected without any notice.

Date                                        Signature of the Candidate

Applications sent without photograph or without copies of all Certificates/Testimonials or not sent as per the above format are liable to be rejected.

Application must be certified by the respective local Gram Pradhan.

The cover of application must be superscribed with the name of the Post.

Employment Exchange 'VAC' No. VAC-1/89/2266                    Advt. No. FS/RECT/2-89

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত